

AKASHVANI (AIR)
RNU : KOLKATA
Bengali Text Bulletin

Date: 27.11.2024

Time: 7-35 A.M.

বিশেষ বিশেষ খবর -

- ১/ সংবিধান দিবস উপলক্ষে রাজ্য বিধানসভায় আনা একটি প্রস্তাবের ওপর আজ'ও আলোচনা চলবে। # বিজেপি অবশ্য ওই প্রস্তাবের বিরোধিতা করেছে।
- ২/ সংসদের শীতকালীন অধিবেশনে দলের রণকৌশল স্থির করতে তৃণমূল কংগ্রেসের সাংসদরা আজ বৈঠকে বসছেন।
- ৩/ রাজ্যের প্রতিটি বাড়িতে এপ্রিলের মধ্যে পানীয় জল পৌঁছে দেওয়ার কাজ শেষ করার জন্য মুখ্যমন্ত্রী নির্দেশ দিয়েছেন।
- ৪/ ভাটপাড়ায় বিজেপি নেতার গাড়িতে গুলি চালনার ঘটনায় NIA চার্জশিট পেশ করেছে।
- ৪/ কাটিহার এক্সপ্রেসে থেকে ভিন্নভাবে সক্ষম তবলা বাদকের খুনের ঘটনায় গুজরাট পুলিশ এক সিরিয়াল কিলারকে গ্রেপ্তার করেছে। তাকে ট্রান্সিট রিমান্ডে এরাজ্যে নিয়ে আসা হচ্ছে।
- ৫/ গোয়ায় আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবে আজ 'শতবর্ষে পরিচালক তপন সিংহ'র ওপর 'মাস্টার ক্লাস'-এ আলোচনা হতে চলেছে।
- ৬/ ISL ফুটবলে আজ মহামেডান স্পোর্টিং বেঙ্গালুরু এফ সি-র মুখোমুখি হবে।

ভারতীয় সংবিধানের ৭৫ বছর পূর্তি উপলক্ষ্যে রাজ্য বিধানসভার আনা একটি প্রস্তাবের ওপর আজো আলোচনা চলবে। দু'দিনব্যাপী এই আলোচনার সূত্রপাত হয় গতকাল। অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায় প্রস্তাবটি উত্থাপন করেন।

এর সমর্থনে পুর ও নগরোন্নয়ন মন্ত্রী ফিরহাদ হাকিম ও সেচমন্ত্রী মানস ভুঁইয়া, দেশের ধর্ম নিরপেক্ষতা, আদর্শ বজায় রাখা নিয়ে প্রশ্ন তোলেন। তাঁদের অভিযোগ, বহু জায়গায় ধর্মীয় স্থানে সংখ্যালঘুদের অধিকার খর্ব করা হচ্ছে। 'রাইট টু রিলিজিয়ন' দেশের মানুষের একটি মৌলিক অধিকার বলে মন্তব্য করে তাঁরা বলেন, দেশ পরিচালনার ক্ষেত্রে সংবিধান একটি গুরুত্বপূর্ণ দলিল।

এর আগে অর্থমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য, সংবিধানে উল্লিখিত মানুষের অধিকার ও কর্তব্য অঙ্গঙ্গীভাবে জড়িত বলে উল্লেখ করেন। অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায় বলেন, ধর্মীয় সহনশীলতা ও যুক্তরাষ্ট্রীয় কাঠামো যেকোনো অযাচিত বিষয়কে দূরে রাখতে পারে।

অন্যদিকে, বিজেপি, 'সংবিধান দিবসের প্রস্তাবের বিরোধিতা করেছে। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী বলেন, এই প্রস্তাবে অনেক আপত্তিকর বিষয় রয়েছে। রাজনৈতিক লিফলেটে পরিণত হওয়ায় এই প্রস্তাব কখনোই গ্রহণযোগ্য নয়।

বিজেপি, বাংলাদেশে গ্রেপ্তার হওয়া ইস্কনের সন্ন্যাসী চিন্ময় কৃষ্ণ দাসকে অবিলম্বে মুক্তির জন্য সে দেশের সরকারের কাছে আবেদন জানিয়েছে। পাশাপাশি সেখানে হিন্দুদের সুরক্ষা সুনিশ্চিত করতেও বলা হয়েছে। দলের রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার গতকাল এক বিবৃতিতে এই আবেদন জানিয়ে বলেন, বিগত কয়েক মাস ধরে বাংলাদেশে হিন্দুদের ওপর লাগাতার আক্রমণ চলছে। সেখানকার সরকার

সংখ্যালঘুদের সুরক্ষা দিতে ও হিংসা বন্ধ করতে ব্যর্থ বলেও তাঁর অভিযোগ। ইসকনের সন্ন্যাসীকে মিথ্যা মামলায় গ্রেপ্তার করা হয়েছে বলেও সুকান্তবাবুর দাবী।

এদিকে, এই ঘটনার প্রতিবাদে এবং সন্ন্যাসীকে অবিলম্বে মুক্তির দাবিতে বিজেপি পরিষদীয় দল গতকাল বিধানসভার বাইরে বিক্ষোভ দেখায়। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী অভিযোগ করেন, বাংলাদেশে সংখ্যালঘু হিন্দুদের অস্তিত্ব মুছে ফেলার চেষ্টা চলছে। তাঁরা এর বিরুদ্ধে আন্দোলন জারি রাখবেন।

(বাইট- শুভেন্দু)

বাংলাদেশের একটি ফেসবুক পেজ থেকে সাম্প্রদায়িক উস্কানিমূলক পোস্ট শেয়ার করার জন্য উত্তর ২৪ পরগণার হাড়োয়া থানার পুলিশ এক শিক্ষককে গ্রেপ্তার করেছে। গণেশ সর্দার নামে ওই ব্যক্তি হাড়োয়ার একটি হাইস্কুলের শিক্ষক।

গত সোমবার ওই শিক্ষক উস্কানিমূলক পোস্টটি শেয়ার করেন বলে অভিযোগ। এরপরই পুলিশ তাঁকে গ্রেপ্তার করে।

বসিরহাট মহকুমা আদালতের বিচারক গতকাল তাঁকে জেল হেফাজতের নির্দেশ দেন।

তৃণমূল কংগ্রেসের সর্বভারতীয় সাধারণ সম্পাদক, দলে দিল্লির নতুন মুখপাত্র অভিষেক বন্দ্যোপাধ্যায় আজ সমস্ত দলীয় সাংসদকে নিয়ে নতুন দিল্লিতে এক বৈঠকে বসবেন। সংসদের শীতকালীন অধিবেশনে দলের রণকৌশল স্থির করা হবে ওই বৈঠকে। পাশাপাশি দলের শৃঙ্খলারক্ষার বিষয়ও রয়েছে আলোচ্যসূচীতে।

গতকাল'ও পুরোনো সংবিধান ভবনে তৃণমূল কংগ্রেসের দলীয় কার্যালয়ে অভিষেকের সঙ্গে আলোচনায় বসেন সাংসদরা। প্রত্যেকে তাঁদের নির্বাচনী ক্ষেত্র ও এলাকার পরিস্থিতি সম্পর্কে অবহিত করেন অভিষেককে।

রাজ্যের প্রতিটি বাড়িতে আগামী বছরের এপ্রিলের মধ্যে পানীয় জল পৌঁছে দেওয়ার কাজ শেষ করার ওপর জোর দিয়েছেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী। জনস্বাস্থ্য কারিগরী দপ্তরের কাজের অগ্রগতি নিয়ে গতকাল নবান্নে জেলাশাসক ও দপ্তরের আধিকারিকদের সঙ্গে বৈঠকে মিলিত হন তিনি।

দপ্তরের কাজ নিয়ে অসন্তোষ প্রকাশ করে মুখ্যমন্ত্রী, মাটি পরীক্ষা না করে জলের পাইপ বসানো, পাইপ চুরি, প্রভাবশালীদের দৌরাভ্র, সাধারণ মানুষের কাজে বাধা সহ একাধিক বিষয়ের উল্লেখ করেন। জল সরবরাহের জন্য তথ্য যাচাই এবং যেসব বাড়িতে জলের লাইন বসানোর কাজ শেষ হয়েছে সেখানে সরবরাহ শুরু হয়েছে কিনা, তা দেখতে বলেন মুখ্যমন্ত্রী। জলের অপচয় বন্ধ করার বিষয়েও মুখ্যমন্ত্রী জোর দেন।

(বাইট- জল)

এর আগে মুখ্যমন্ত্রী গতকাল উত্তর ২৪ পরগনার নৈহাটিতে বড়মার মন্দিরে পূজা দিয়ে নৈহাটি ফেরিঘাটটি বড়মার নামে উৎসর্গ করার কথা ঘোষণা করেন।

(বাইট-বড়মা)

অন্যদিকে, রোগীদের চিকিৎসার সুবিধার্থে ব্যারাকপুরের সাংসদ পার্থ ভৌমিকের সাংসদ তহবিলের থেকে ৪ কোটি টাকা দিয়ে ভাটপাড়া ও নৈহাটি স্টেট জেনারেল হাসপাতালে বহির্বিভাগ চালু করা হবে বলেও মুখ্যমন্ত্রী জানান।

উত্তর ২৪ পরগনার ভাটপাড়ায়, বিজেপী নেতা প্রিয়াঙ্গু পাণ্ডের গাড়ীতে গুলিচালনার ঘটনায় জাতীয় তদন্ত সংস্থা এনআইএ চার্জ শীট পেশ করেছে।

এনআইএ-র বিশেষ আদালতে বারো জনের নামে এই চার্জ শীট পেশ করা হয়।

উল্লেখ্য, গত ২৮ শে আগষ্ট প্রিয়াঙ্গু পাণ্ডের গাড়ী লক্ষ্য করে ওই গুলি ছোঁড়া হয়। এতে অবশ্য তিনি অক্ষত ছিলেন।

হাওড়াগামী কাটিহার এক্সপ্রেস থেকে গত ১৯শে নভেম্বর ভিন্নভাবে সক্ষম তবলা বাদক সৌমিত্র চট্টোপাধ্যায়ের মৃতদেহ উদ্ধারের ঘটনায় গুজরাট পুলিশ এক সিরিয়াল কিলারকে গ্রেপ্তার করেছে। রাহুল ওরফে ভোলু কর্মবীর জাঠ নামে ২৫ তারিখ ধৃত ঐ ব্যক্তির কাছ থেকে উদ্ধার হয়েছে মৃত তবলা বাদকের মোবাইল ফোন। রাহুলকে জেরার করার জন্য এ রাজ্য থেকে রেল পুলিশের একটি দল গুজরাট গেছে। হাওড়া রেল পুলিশের আরেকটি বিশেষ দলও তাকে ট্রান্সিট রিমান্ডে এরাজ্যে নিয়ে আসার জন্য গুজরাট রওনা দিয়েছে।

পুলিশ জানিয়েছে, এই সিরিয়াল কিলার রাহুল নিজেও ভিন্নভাবে সক্ষম। সেই সুযোগ নিয়েই দিনের পর দিন সে বিভিন্ন অপরাধমূলক কাজকর্ম করতো। ২৫ দিনে পাঁচটি খুনের ঘটনাতে জড়িত থাকার অভিযোগ রয়েছে তার বিরুদ্ধে। এর মধ্যে চারটিই চলন্ত ট্রেনে। ধরা পড়ার আগেরদিনই সেকেন্দ্রাবাদের এক মহিলা ট্রেনযাত্রীকে খুন করে রাহুল। তার বিরুদ্ধে গুজরাট ছাড়াও, সেকেন্দ্রাবাদ, পুনে ও কর্ণাটকে খুনের মামলা রয়েছে। অস্ত্র পাচার সহ আরো ১৩ টি মামলা রয়েছে হরিয়ানা, তেলেঙ্গানা, গুজরাট, উত্তরপ্রদেশ সহ বিভিন্ন রাজ্যে। তার কাছ থেকে নগদ ২৫ হাজার টাকা, তিনটি মোবাইল ও রক্তমাখা ছুরি উদ্ধার হয়েছে। এর মধ্যে একটি মোবাইল তবলা বাদক সৌমিত্র চট্টোপাধ্যায়ের। মোবাইলের লোকেশন ট্র্যাক করেই পুলিশ রাহুলের হদিস পায়। প্রাথমিক জেরার মুখে সৌমিত্রকে খুনের কথা স্বীকার করেছে সে। বিভিন্ন ট্রেনের প্রতিবন্ধী কামরায় উঠে বিশেষ করে মহিলা ও প্রবীণদের

ওপর সে হামলা চালাতো, লুটপাট ও ধর্ষণ করতো বলে জেরায় জানা গেছে। এর আগে এক অপরাধের ঘটনায় রাজস্থানের জেলে ছিল সে। মে মাসে জেল থেকে ছাড়া পায় রাহুল। এমাসের ১৪ তারিখে গুজরাতের ভালসাদের পাদ্রিতে এক তরুণীকে রেল লাইনের ধারে ধর্ষণের পর খুন করে সে বিহারে পালিয়ে এসে কাটিহার-হাওড়া এক্সপ্রেসে ওঠে। তারপরেই তবলা বাদক সৌমিত্রকে খুন করে তাঁর মোবাইল ও টাকা নিয়ে চম্পট দেয়। ১৯শে নভেম্বর সকালে হাওড়া স্টেশনে কাটিহার এক্সপ্রেসের কামরা থেকে উদ্ধার হয় সৌমিত্রের রক্তাক্ত ক্ষতবিক্ষত দেহ।

নদীয়ার ভিমপুর থানার নারায়নপুরে মৃত নাবালিকার দেহ ম্যাজিস্ট্রেটের উপস্থিতিতে মাটি খুঁড়ে তোলার পর আবার ময়না তদন্ত করা হয়েছে। কল্যাণী জওহরলাল নেহেরু মেমোরিয়াল হাসপাতালের পুলিশ মর্গে গতকাল পোস্টমর্টেম করা হয়।

কৃষ্ণনগরের DIB ইন্সপেক্টর রজত শুভ্র দাস জানিয়েছেন, নাবালিকা খুনের ঘটনায় ধৃত যুবককে জেরা করে মেয়েটির ব্যাগ ও গর্ত খোঁড়ার কাজে ব্যবহৃত কোদাল উদ্ধার হয়েছে। ধৃত যুবককে পাঁচ দিনের পুলিশ হেফাজতে রেখে জিজ্ঞাসাবাদ করা হচ্ছে। যেখানে মেয়েটিকে পুঁতে রাখা হয়েছিল, ফরেনসিকের একটি দল সেখানের নমুনা পরীক্ষা করেছে।

আগেই জানানো হয়েছে, ওই নাবালিকার নিখোঁজ হওয়ার ঘটনায় চাঞ্চল্য ছড়ায়। পরে স্থানীয় আম বাগানে মাটির নীচ থেকে তার মৃতদেহ উদ্ধার করা হয়। এই ঘটনায় জড়িত সন্দেহে তার প্রেমিককে গ্রেপ্তার করে পুলিশ।

দক্ষিণ ২৪ পরগনার বিজেপি পরিচালিত রায়দিঘি পঞ্চায়েতের গেটে তালা বুলিয়ে গতকাল প্রায় ৭ ঘন্টা বিক্ষোভ দেখান তৃণমূল কংগ্রেসের নেতা- কর্মীরা। দুপুর ২ টো থেকে রাত ৯টা পর্যন্ত চলে এই অবস্থান বিক্ষোভ। ৭ ঘন্টা পঞ্চায়েত

অফিসের ভেতরে আটকে পড়েন প্রধান সহ বিজেপির একাধিক মহিলা সদস্য ও পঞ্চগয়েত কর্মী। পঞ্চগয়েত প্রধান বিশ্বজিৎ সাহার অভিযোগ, রায়দিঘি থানার আইসি ও বিডিওকে বার বার ফোন করলেও, তালা খোলার কোন ব্যবস্থা করা হয়নি।

উল্লেখ্য, গতকাল স্থানীয় তৃণমূলের পক্ষ থেকে ডেপুটেশন কর্মসূচিকে ঘিরে ঘটনার সূত্রপাত। স্মারকলিপি দেওয়ার পর বিজেপির পঞ্চগয়েত প্রধান সঠিক উত্তর দিতে না পারার অভিযোগ তুলে পঞ্চগয়েতের গেটে বাইরে থেকে তালা লাগিয়ে দেয় তৃণমূল নেতা- কর্মীরা। চলতে থাকে অবস্থান বিক্ষোভ। পুলিশ এলেও তালা খোলার কোনো উদ্যোগ দেখা যায়নি। পরে রাত আটটা নাগাদ যুগ্ম বিডিও ৩ দিনের মধ্যে পঞ্চগয়েত নিয়ে বৈঠকের আশ্বাস দিলে, তালা খোলা হয়।

গোয়ায় চলেছে ৫৫তম আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব ইফি।

(ওপেনিং থিম)

আজ উৎসবের অষ্টম দিনে বিশিষ্ট চিত্র পরিচালক তপন সিনহার স্মৃতির প্রতি শ্রদ্ধা জানাতে, মাস্টার ক্লাসে আলোচনা হবে ‘শতবর্ষে পরিচালক তপন সিংহ’। বাংলা থেকে আলোচনায় অংশ নিচ্ছেন অভিনেতা অর্জুন চক্রবর্তী, সাংবাদিক সমালোচক রত্নভূমা সেনগুপ্ত।

উৎসব সম্পর্কে শ্রীমতি সেনগুপ্ত আকাশবাণীকে বলেন, এবার তরুণ পরিচালকদের অংশগ্রহণকে কর্তৃপক্ষ বেশি উৎসাহ দেখাচ্ছেন।

(বাইট- রত্নভূমা সেনগুপ্ত)

উল্লেখ্য, এবারের উৎসবে চার প্রখ্যাত চলচ্চিত্র ব্যক্তিত্ব রাজ কাপুর, মহম্মদ রফি, তপন সিনহা এবং আক্কিনেনি নাগেশ্বর রাওয়ের শতবর্ষ উদযাপিত হচ্ছে।

আইএসএল ফুটবলের ম্যাচে আজ মহামেডান স্পোর্টিং, বেঙ্গালুরু এফ সি-র বিরুদ্ধে খেলবে। যাদবপুরের কিশোর ভারতী ক্রীড়াঙ্গনে খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়।

মহামেডান স্পোর্টিং সাত ম্যাচে পাঁচ পয়েন্ট নিয়ে পয়েন্ট তালিকার দ্বাদশ স্থানে রয়েছে। অন্যদিকে দ্বিতীয় স্থানে থাকা বেঙ্গালুরু এফ সি-র আট ম্যাচে পয়েন্ট ১৭।
